# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪

২. কিতাবুল ওহী (كتاب الوحي)

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا أَبَانُ بْنُ يَزِيدَ الْعَطَّارُ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ:
سَأَلْتُ أَبَا سَلَمَةَ: أَيُّ الْقُرْآنِ أُنزل أَوَّلَ؟ قال: {يا أيها المدثر} قُلْتُ: إِنِّي نُبئت أَنَّ أَوَّلَ سُورَةٍ أُنْزِلَتْ مِنَ الْقُرْآنِ: {اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ} [العلق: 1] قَالَ أَبُو سَلَمَةَ: سَأَلْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ: أَيُّ الْقُرْآنِ أُنزل أَوَّلَ؟ قال: {يا أيها المدثر} فَقُلْتُ لَهُ: إِنِّي نُبئت أَنَّ أَوَّلَ سُورَةٍ نَزَلَتْ مِنَ الْقُرْآنِ: {اقْرَأْ بِاسْمِ رَبِّكَ} قَالَ جَابِرٌ: لَا أُحدِّثُكَ إِلَّا مَا حَدَّثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال:
جَاوَرْتُ فِي حِرَاءَ فَلَمَّا قَضَيْتُ جِوَارِي نَزَلْتُ فَاسْتَبْطَنْتُ الْوَادِيَ فَنُودِيتُ فَنَظَرْتُ أَمَامِي وَخَلْفِي وَعَنْ يَمِينِي وَعَنْ شِمَالِي فَلَمْ أَرَ شَيْئًا فَنُودِيتُ فَنَظَرْتُ فَوْقِي فَإِذَا أَنَا بِهِ قَاعِدٌ عَلَى عَرْشٍ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ فَجُئِثْتُ مِنْهُ فَانْطَلَقْتُ إِلَى خَدِيجَةَ فَقُلْتُ دَثِّرُونِي دَثِّرُونِي وَصَبُّوا عَلَيَّ مَاءً بَارِدًا فَأُنْزِلَتْ عَلَيَّ {يَا أَيُّهَا الْمُدَّثِّرُ * قم فأنذر * وربك فكبر} [المدثر: 1 ـ 3].
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح ـ ((تخريج فقه السيرة)) (90): ق.
[ص: 166]

বাংলা

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحكِم صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ يُضادُّ خَبَرَ عَائِشَةَ الَّذِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهُ

হাদীসের বিষয়ে খুব দক্ষ নয়,এমন ব্যক্তি যে হাদীসটির কারণে ভ্রান্তিতে পড়ে পূর্বে আমাদের বর্ণিত আয়িশা (রাঃ) এর হাদীসের বিরোধিতা করতে পারেন- তেমনি একটি বর্ণনা:

---

৩৪. ইয়াহ্ইয়াহ ইবনু কাসীর (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবূ সালামাহ (রহ.)-কে জিজ্ঞেস করলাম, কুরআনের কোন্ আয়াতটি প্রথম অবতীর্ণ হয়েছিল? তিনি বললেন, يَاأَيُّهَا الْمُدَّثِّرُ প্রথম অবতীর্ণ হয়েছিল। আমি বললাম, আমাকে বলা হয়েছে اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ প্রথম অবতীর্ণ হয়েছিল। এ কথা শুনে আবূ সালামাহ (রহ.) বললেন, কুরআনের কোন্ আয়াতটি প্রথম অবতীর্ণ হয়েছিল, এ সম্পর্কে আমি জাবির (রাঃ)-কে জিজ্ঞেস করার পর তিনি বলেছেন يَاأَيُّهَا الْمُدَّثِّرُ প্রথম অবতীর্ণ হয়েছিল। তখন আমি বললাম, আমাকে বলা হয়েছে যে اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِيْ خَلَقَ প্রথম অবতীর্ণ হয়েছিল। তখন তিনি বললেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম যা বলেছেন, আমি তোমাকে তা ব্যতীত অন্য কিছু বলছি না।

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি হেরা গুহায় অবস্থান করেছিলাম। সেখানে অবস্থান করা শেষ হলে আমি সেখান থেকে নেমে উপত্যকার মাঝামাঝি পৌঁছলে আমাকে ডাকা হল। আমি তখন সামনে, পেছনে, ডানে ও বামে তাকালাম। তথায় কাউকেই দেখতে পেলাম না। অতঃপর পুনরায় আমাকে ডাকা হল। অতঃপর আমি আমার উর্ধ্বাকাশে তাকিয়ে দেখলাম, সে আসমান ও যমীনের মধ্যস্থলে রক্ষিত একটি আসনে উপবিষ্ট আছে। তখন আমি তাকে খুব ভয় পেয়ে গেলাম। এরপর আমি খাদীজা (রাঃ)-এর কাছে এসে বললাম, আমাকে বস্ত্রাচ্ছাদিত কর, আমাকে বস্ত্রাচ্ছাদিত কর এবং আমার শরীরে ঠান্ডা পানি ঢাল। তখন আমার প্রতি অবতীর্ণ করা হলঃ ’’হে বস্ত্রাচ্ছাদিত! সতর্কবাণী প্রচার কর এবং তোমার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা কর।’’[1]

قَالَ أَبُو حَاتِمٍ فِي خَبَرِ جَابِرٍ هَذَا: إِنَّ أَوَّلَ مَا أُنْزِلَ مِنَ الْقُرْآنِ: {يَا أيها المدثر} وَفِي خَبَرِ عَائِشَةَ: {اقْرَأْ بِاسْمِ رَبِّكَ} وَلَيْسَ بَيْنَ هَذَيْنِ الْخَبَرَيْنِ تَضَادٌّ إِذِ اللَّهُ عَزَّ وَجَلَّ أَنْزَلَ عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عليه وسلم: {اقرأ باسم ربك} وَهُوَ فِي الْغَارِ بِحِرَاءَ فَلَمَّا رَجَعَ إِلَى بَيْتِهِ دَثَّرَتْهُ خَدِيجَةُ وَصَبَّتْ عَلَيْهِ الْمَاءَ الْبَارِدَ وأُنْزِلَ عَلَيْهِ فِي بَيْتِ خَدِيجَةَ: {يَا أَيُّهَا المدثر * قم ... } مِنْ غَيْرِ أَنْ يَكُونَ بَيْنَ الْخَبَرَيْنِ تَهَاتُرٌ أو تضاد

আবূ হাতিম (ইবনু হিব্বান) সম্পর্কে বলেন, জাবির (রাঃ) বর্ণিত এ হাদীস অনুযায়ী কুরআনের প্রথম অবতীর্ণ আয়াত: {يَا أيها المدثر} এবং আয়িশা (রাঃ) বর্ণিত হাদীস অনুযায়ী {اقرأ باسم ربك} এ উভয় বর্ণনার মাঝে কোন ভুল বোঝার অবকাশ নেই। কেননা, আল্লাহ আযযা ও জাল্লা তাঁর রাসূল সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লামের উপর {اقرأ باسم ربك} আয়াতটি অবতীর্ণ করেন যখন তিনি গারে হেরায় অবস্থান করছিলেন। আর যখন গারে হেরা থেকে বাড়ি ফিরে আসলেন এবং খাদিজা (রাঃ) তাকে কাপড় বস্ত্র দ্বারা আচ্ছাদিত করেন এবং তাঁর উপর ঠান্ডা পানি ঢাললেন, তখন খাদিজার বাড়িতে আর {يَا أيها المدثر} আয়াতটি এটি নাযিল হয়েছিল। ফলে এ দুই হাদীসের মাঝে কোন বৈপরীত্য কিংবা ভুল বুঝাবুঝির অবকাশ নেই।

## English

Innī Uḥaddithukum Mā

I asked Abu Salama which chapter of the Quran was revealed first. He said, "O you who wraps himself [in clothing]!" I asked, "Or was it 'Recite'?" Then Abu Salama said, "I asked Jabir ibn Abdullah about that, and he said, 'O you who wraps himself [in clothing]!' I asked, 'Or was it 'Recite'?' He said, 'I inform you of what the Messenger of Allah ﷺ informed us. He said, 'I was near the Mount Hira for a month, and when I finished my stay, I descended and hid myself in the valley. Then I heard a voice calling me. I looked ahead, behind me, to my right, and to my left, but I did not see anyone. Then the voice called again, and I looked up to the sky. And behold, it was above the throne in the air. I was seized with severe trembling. I went to Khadijah and said to her, 'Cover me! Cover me!' So they covered me until the fear subsided. Then Allah revealed to me, 'O you who wraps himself [in clothing], arise and warn! And your Lord, exalt [i.e., praise] and purify your garments.'"

ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ।
তাখরীজ: বুখারী, ৪৯২৩-৪৯২৪; মুসলিম ১৬১ (২৫৭) (২৫৮) ; আহমাদ ৩/৩০৬, ৩৯২।
এটি জাবির (রাঃ) হতেও বর্ণিত আছে। দেখুন, বুখারী ৪, মুসলিম ১৬১ (২৫৫),(২৫৬)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু আবী কাসীর (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86932

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন